তারিখ ... 16 JUL 199[illegible]
পৃষ্ঠা ৩ কলাম ৬

দৈনিক ইত্তেফাক

25

# সিলেট আলীয়া মাদ্রাসায় ৫৫টি শিক্ষক পদের মধ্যে ৪৩টি শূন্য

সিলেট অফিস ।। প্রাচীনতম ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান সিলেট সরকারী আলীয়া মাদ্রাসায় মারাত্মক শিক্ষক স্বল্পতার কারণে শিক্ষা কার্যক্রম বন্ধ হওয়ার উপক্রম হইয়াছে। জানা যায়, মাদ্রাসায় মাধ্যমিক স্তর হইতে মাষ্টার ডিগ্রী পর্যন্ত অধ্যয়নের ব্যবস্থা রহিয়াছে। সেই অনুযায়ী মাদ্রাসাটিতে 'এনাম কমিশন' এর মঞ্জুরিকৃত শিক্ষকের ৫৫টি পদের মধ্যে দীর্ঘকাল ধরিয়া

(৭ম পৃঃ দ্রঃ)

## সিলেট আলীয়া মাদ্রাসায়

(৩য় পৃঃ পর)

৪৩টি পদই শূন্য রহিয়াছে। বর্তমান অধ্যক্ষসহ মাত্র ১২ জন (দুই জন নন গেজেটেড) শিক্ষকেরদ্বারা এই বিশাল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষাদান অত্যন্ত দুরূহ হইয়া পড়িয়াছে। শিক্ষকের অভাবে অনেকগুলি বিভাগে পাঠদান বন্ধ রহিয়াছে।

ইহছাড়া ছাত্রাবাসে আসন সংকটও মারাত্মক। মাদ্রাসার জন্মলগ্নে যে ২৪টি আসনের টিন শেডের ছাত্রাবাস ছিল দীর্ঘ ৮০ বৎসর পরও উহার কোন পরিবর্তন বা উন্নয়ন হয় নাই। অথচ বর্তমানে কয়েকটি আসনের চাহিদা রহিয়াছে। বর্তমানে স্বল্পসংখ্যক আসনের ছাত্রাবাসটির অবস্থা জরাজীর্ণ। ঝড়-তুফানের সময় আবাসিক ছাত্রদের সন্ত্রস্ত অবস্থায় দিন কাটাইতে হয়। ছাত্রাবাসে আসন স্বল্পতার কারণে প্রতি বৎসর দূর-দূরান্তের অনেক ছাত্র মাদ্রাসায় ভর্তি হইতে পারেনা। শিক্ষক ও আসন সংকটের মত অন্যান্য সমস্যার আবর্তে নিমজ্জিত হইয়া প্রাচীনতম বিদ্যাপীঠটির ঐতিহ্য ও সুনাম বিলীন হইতে চলিয়াছে।

১৯১৩ সালে প্রতিষ্ঠিত এই শিক্ষা প্রতিষ্ঠানটি একসময় ছাত্র-শিক্ষকদের কোলাহলে জমজমাট ছিল। অনেক কৃতী সন্তান এই বিদ্যাপীঠ হইতে শিক্ষা গ্রহণ করিয়াছেন। ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠানটির সমস্যা সমাধানে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সিলেটের বিভিন্ন মহল সরকারের আশু দৃষ্টি কামনা করিয়াছেন।